আশ্চর্য হেলমেট

ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি’র ‘গ্রাফেনেক্স-ইউটিএস হিউম্যান-সেন্টার আর্টিফিশিয়াল ইন্টিলিজেন্স সেন্টার’ একটি ডিভাইস তৈরি করেছে। তাদের দাবি, এই ডিভাইস মানুষের নীরব চিন্তা পড়তে পারবে। পাশাপাশি সেই চিন্তাকে টেক্সটেও (অক্ষর) পরিণত করতে পারবে। এরকম উদ্ভাবন বিশ্বেই প্রথম বলে দাবি করছে গবেষকরা।

এই উদ্ভাবন আহত ও বিভিন্ন রোগে বাকশক্তি হারানো মানুষদের জন্য নতুন দুয়ার উন্মোচন করবে বলেও দাবি করছেন সংশ্লিষ্ট গবেষকরা। এর মাধ্যমে প্যারালাইসিস অথবা স্ট্রোকে আক্রান্ত মানুষেরা অন্যের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

এটা মেশিন ও মানুষের মধ্যেও নিবিড় যোগাযোগ স্থাপন করতে পারবে বলে মনে করছেন বিশ্লেষকরা। মানুষের মাথায় পরিয়ে দেওয়া হবে এই বিশেষ হেলমেট। এসময় মাথার নানা কার্যক্রম বিশেষ করে মস্তিষ্ক-তরঙ্গ সনাক্ত করে মানুষের ভাবনা অনুধাবন করবে বিশেষ মেশিনটি। আর সেই সংকেতকেই অক্ষরে পরিণত করবে বিশেষ প্রক্রিয়ায়।

কয়েকজন ব্যবহারকারীর ওপর চালানো পরীক্ষায় দেখা গেছে তারা এই ডিভাইস ব্যবহার করে প্রশ্নের উত্তর সঠিকভাবেই দিতে পারছেন। তবে এই মেশিন সবার জন্য উন্মুক্ত করতে আরও অনেকটা সময়ের দরকার বলে জানিয়েছেন গবেষকরা। আর অন্যান্য গবেষকরাও বলছেন, এই জন্য আরো অনেক পরীক্ষা-নিরীক্ষা দরকার। এখনই এর সফলতা বা ব্যর্থতা নিয়ে কথা বলার সময় আসেনি।

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

মুজিবনগর-মেহেরপুর প্রধান সড়কে বাইসাইকেল ও মোটরসাইকেলের

মুখোমুখী সংঘর্ষে মোটরসাইকেল চালক ও বাইকে বাইসাইকেল চালকক আহত হয়েছে।

আজ শনিবার ১৬ই ডিসেম্বর বিকেল সাড়ে চারটার সময় এই দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল চালক মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের বিষ্ণু মন্ডল এর ছেলে প্রিন্স মন্ডল (১৯) এবং বাইসাইকেল চালক ভবরপাড়া গ্রামের মৃত রহমান দফাদারের ছেলে পাঁচু দফাদার (৬০)।

ঘটনা সূত্রে জানা যায়, ভবর পাড়ার পাঁচু দফাদার বাইসাইকেল নিয়ে কেদারগঞ্জ বাজার থেকে বাড়ির উদ্দেশ্যে যাচ্ছিলেন। এ সময় তিনি মুজিবনগর থানা সড়কের কাছাকাছি মানিকনগর গ্রামের নিকট পৌঁছালে পিছনদিক থেকে আশা একটি দ্রুতগতির মোটরসাইকেল তাকে ধাক্কা দেয়। এতে বাইসাইকেল চালক পাঁচু দফাদার সহ মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডল রাস্তার পাশে ছিটকে পড়ে গুরুতর আহত হয়।

স্থানীয়রা আহতদেরকে উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক বাইসাইকেল চালক পাঁচু দফাদারের অবস্থা বেগতিক দেখে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে রেফার্ড করেন এবং মোটরসাইকেল চালক প্রিন্স মন্ডলের অবস্থা গুরুতর না হওয়ায় তাকে স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেন।

এই বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জল কুমার দত্ত জানান, বাইসাইকেল ও মোটরসাইকেলের দুর্ঘটনার বিষয়ে আমরা অবগত আছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে আইনি প্রক্রিয়া চলমান এবং দুর্ঘটনা কবলিত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌর বিএনপির বিজয় দিবস পালন

মহান বিজয় দিবস উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে নানান কর্মসূচি পালন করা হয়েছে। শনিবার সকালে বিএনপি নেতাকর্মিরা আলমডাঙ্গায় বিজয় দিবসের জাতীয় পতাকা উত্তোলন,

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের উদ্দ্যেশে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্নয়

মহান বিজয় দিবস উপলক্ষে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের গাংনীর নওপাড়াতে বিনামূল্যে ২০০ জনের গ্রুপ নির্নয় করা হয়েছে। গতকাল শনিবার সকাল থেকে দিনব্যাপি এই গ্রুপ নির্নয় চলমান রেখেছিলেন।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন (কইখ্ঋ)' একটি স্বেচ্ছায় রক্তদাতা সংগঠন। 'কাথুলী ব্লাড ফাউন্ডেশন' 'এরভঃ ষরভব , মরাব নষড়ড়ফ' এ শ্লোগান নিয়ে ১লা জানুয়ারী , ২০২৩ তারিখ স্বেচ্ছায় রক্তদানকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার প্রত্যয় নিয়ে -এর শুভ সূচনা ।

ইতিমধ্যে সামাজিক এই সংগঠন নিজ গ্রাম ইউনিয়ন নিয়ে কার্ক্রম শুরু করলেও বর্তমানে সাড়া ফেলেছে দেশের গুরুত্বপূর্ন কয়েকটি জোনে। কাথুলী ব্লাড ফাউন্ডেশন' মেহেরপুর , কুষ্টিয়া , রাজশাহী ও ঢাকা জোনকে সহায়তা করার জন্য নিয়মিত রক্তদাতা সংগ্রহ , বিনামূল্যে রক্তের গ্রুপিং প্রোগ্রাম , সমাবেশ , কর্মশালার আয়োজন ও রক্তদাতাদের সম্মান জানানোর পাশাপাশি নতুনদের রক্তদানে অনুপ্রাণিত করার জন্য কাজ করে চলেছেন।

এ বিষয়ে কাথুলী ব্লাড ব্যাংক ফাউন্ডেশনের সভাপতি বাশারুল ইসলাম জানান আমরা সেই দিনের স্বপ্ন দেখি যেদিন বাংলাদেশের প্রতিটি মানুষ তাদের রক্তের গ্রুপ জানতে পারবে এবং স্বেচ্ছায় রক্তদানে এগিয়ে আসবে।
“রক্ত দান করলে কোন ক্ষতি হয় না ”আসুন চার মাস মেয়াদে রক্তদান করি। 'আমরা কাথুলী ব্লাড ফাউন্ডেশনের উদ্যোগে যে ধরনের কার্যক্রম সমূহ চলমান রেখেছি তা হলো , 'কাথুলী ব্লাড ফাউন্ডেশন' -এর স্বেচ্ছাসেবকরা মেহেরপুর জেলার গ্রাম গুলোতে রক্তদানের উপকারিতা ও রক্তের গুরুত্ব মানুষের মাঝে তুলে ধরার জন্য বিভিন্ন ধরনের ক্যাম্পেইন ও ভিডিও প্রদর্শনী করে থাকে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে সেখানে ২০০ জন

বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় সেবা গ্রহণ করে।

এমন গুরুত্বপূর্ণ দিবসে আমরা কার্যক্রম পরিচালনা করি। ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’ এখন পর্যন্ত ৪০০ জন মুমূর্ষ রোগীর প্রাণ বাচাতে স্বেচ্ছায় রক্তদান করেছে।

তবে এই মানবিক কাজ যে মানুষগুলো দিনরাত শ্রম দিয়ে চলমান রেখেছে তাদের মধ্যে অন্যতম প্রতিষ্ঠাতা ও পরিচালক মোঃ নাছিম আহমেদ, সভাপতি মোঃ বাশারুল ইসলাম, সহ-সভাপতি মোঃ মিঠন রানা, সাধারণ সম্পাদক মোঃ সাজ্জাদ হোসেন (সাজু), যুগ্ন সাধারণ সম্পাদক মোঃ তুহিন রানা, যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ সোনিয়া খাতুন, যুগ্ন সাধারণ সম্পাদক মোছাঃ ফারজানা দীপা, সাংগঠনিক সম্পাদক মোঃ ইসমাইল হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ মফিজুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মোছাঃ সাদিয়া ইসলাম, সাংগঠনিক সম্পাদক ফারিহা মুসতাকি রিয়া, অর্থসম্পাদক মোঃ আকাশ আহাম্মেদ, দপ্তর সম্পাদক আবদুল্লাহ আল মামুন, উপ-দপ্তর সম্পাদক মোঃ মেনন আলী, প্রচার সম্পাদক মোঃ রায়হান আলী, উপ-প্রচার সম্পাদক মোঃ সোহরাব আলী, স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ ইভা খাতুন, উপ স্বাস্থ্য সেবা বিষয়ক সম্পাদক মোছাঃ তাসমিনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোছাঃ মোহনা খাতুন, সমাজসেবা বিষয়ক সম্পাদক মোঃ ফয়সাল হোসেন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মোছাঃ চম্পা খাতুন, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক তায়েবা উর্মি সহ আরো অনেক সদস্যবৃন্দ।

কাথুলী ব্লাড ফাউন্ডেশন-এর স্বেচ্ছাসেবীরা সুধুমাত্র ব্লাড সংগ্রহের কাজ করেই থেমে নেই পাশাপাশি তারা নিজ এলাকাতে নানা ধরণের সামাজিক কার্যক্রম পরিচালনা করে। এবং বিভিন্ন সমস্যা খুজে বের করে ও বিত্তবান সহ জনপ্রতিনিধিদের সাথে সহযোগিতা নিয়ে সামাজিক অতিদরিদ্র ব্যাক্তিদের তার সমাধান করে থাকে। তারই পরিপ্রেক্ষিতে মেহেরপুর জেলার কিছু তরুন-তরুনী সম্মিলিত ভাবে মুমূর্ষ রোগীর জীবন বাচাতে যে রক্তের প্রয়োজন তার যোগান দিবে তারাই। এই লক্ষ নিয়ে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগী স্বেচ্ছাসেবী সংগঠন ইয়ূথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশের একাংশ কাথুলী ইয়ুথ লিডাররা একটি অনলাইন প্লাটফর্ম তৈরী করে থাকে।যার মাধ্যমে ‘কাথুলী ব্লাড ফাউন্ডেশন’।বর্তমানে কাথুলী ব্লাড ফাউন্ডেশন-এর ১৫০০ জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদানের জন্য সার্বক্ষনিক প্রস্তুত রয়েছে।

কোন অসহায় মানুষ যেন রক্তের অভাবে মৃত্যু না হয় সেই লক্ষ্য

তাদের কার্যক্রম চলমান প্রক্রিয়া থাকবে।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন

দামুড়হুদায় বর্ণিল আলোকসজ্জা ও বিভিন্ন আয়োজনে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে।

আজ শনিবার সকাল ৬ টা ৩০ মিনিটে ৩১ বার তোপধ্বনীর মধ্য দিযে দামুড়হুদা উপজেলা পরিষদের বঙ্গবন্ধু চত্ত্বরে উপজেলা পরিষদ , উপজেলা প্রশাসন , উপজেলা আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠন , পুলিশ , আনসার, ফায়ার সার্ভিস সহ বিভিন্ন রাজনৈতিক , সামাজিক , প্রেস ক্লাব , সাংস্কৃতিক , ক্রীড়া সংগঠনের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ এর মাধ্যমে জাতির সূর্য সন্তানদের শ্রদ্ধা নিবেদন করা হয়।

৮ টায় উপজেলার আটকবর স্মৃতিসৌধে পুষ্পস্তাবক অর্পণ করেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন , দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস , দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির , দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহসহ উপজেলার সকল অফিসার ও কর্মচারীবৃন্দ।

তারপর সকাল সাড়ে ৯ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য মার্চপাস্ট ,শিশু কিশোর সমাবেশ ,কুচকাওয়াজ , মুক্তিযোদ্ধা সংবর্ধনা , ক্রীড়া প্রতিযোগিতা , এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান। এইসময় শান্তির কপোত পায়রা এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পুলিশ , আনসার, ও গার্লস গাইড সহ উপজেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা এই কুচকাওয়াজে অংশ নেন।

দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দর্শনা ও দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহ, আলমগীর কবিরসহ কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। এই সময় সাংবাদিক, মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক শিক্ষার্থী সহ সর্বস্তরের জনগন উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের বিজয় দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিজয় দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালিত হয়েছে। আজ শনিবার (১৬ ডিসেম্বর) সকাল ৮টার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্য দিয়ে কর্মসুচির শুরু করে উপজেলা আওয়ামীলীগ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি □□□□□□□□□□ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন শেষে একটি বিশাল বিজয় র্যালী শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের গুরুত্বপুর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শহীদদেও স্মরনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ অনেকে।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ যুবলীগ, ছাত্রলীগ, কৃষকলীগসহ অংগ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]’[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়।